গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
www. sufosarishabari@fisheries.gov.bd

**মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৩ বাস্তবায়নে ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত উপজেলা টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি: জনাব শারমিন আক্তার , উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
তারিখ: ০৫/১০/২০২৩ খ্রি.।

সময়: দুপুর ১২.০০ ঘটিকা।

উপস্থিতি: পরিশিষ্ট ‘ ক ’ দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সদস্য সচিবকে সভার আলোচ্যসূচী উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, সাম্প্রতিক সময়ে সরকারের বিভিন্ন কার্যক্রম ও উদ্যোগ গ্রহণের ফলে বাংলাদেশে ইলিশের উৎপাদন বৃদ্ধি পেয়েছে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে মৎস্য অধিদপ্তর, উপজেলা প্রশাসন, বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থা, স্থানীয় জনপ্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার কর্মীবৃন্দ, মৎস্যজীবিসহ সকলের সমন্বিত ও সক্রিয় অংশগ্রহণমূলক কার্যক্রমের মাধ্যমে ইলিশ উৎপাদনে এ অভাবনীয় সাফল্য এসেছে। তিনি জানান যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ জারীকৃত প্রজ্ঞাপন মোতাবেক ইলিশ সম্পদ সংরক্ষণে Protection and Conservation of Fish Act.1950 ( E.B.Act No. XVIII of 1950 এর অধীন প্রণীত Protection and Conservation of Fish Rules,1985 এর rule 13 মোতাবেক এ বছর ইলিশের প্রধান প্রজনন মৌসুমে আগামী ১২ অক্টোবর থেকে ০২ নভেম্বর ২০২৩ ( ২৭ আশ্বিন হতে ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ ) পর্যন্ত মোট ২২ দিন সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন,মজুদ,বাজারজাতকরণ,ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করা হয়েছে । মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় থেকে সরিষাবাড়ী উপজেলায় পৌরসভাসহ ০৮ (আট) টি ইউনিয়নে মাছ আহরণ নিষিদ্ধকালীন সময়ে মানবিক খাদ্য সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ (চাল) চলতি বছরে ১৪৬০ (এক হাজার চারশত ষাট) টি জেলে পরিবারকে ২৫ (পঁচিশ ) কেজি হারে মোট ৩৬.৫০০ মে.টন বরাদ্দ প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় পৌরসভা ও ইউনিয়ন ওয়ারী জেলেদের সংখ্যা নিম্নরূপ বন্টন জন্য উপস্থাপন করা হলো।

| ক্র: নং | পৌরসভা/ ইউনিয়নের নাম | ইস্যুকৃত কার্ডধারী জেলের সংখ্যা | মানবিক খাদ্য সহায়তা | মোট মানবিক খাদ্য সহায়তা ( মে.টন) |
|---|---|---|---|---|
| ০১ | সরিষাবাড়ী পৌরসভা , সাতপোয়া | (০৪+১৯৪)= ১৯৮ | ২৫ কেজি | ৪.৯৫০ ( মে.টন) |
| ০২ | পোগলদিঘা | ৩৭৫ | ২৫ কেজি | ৯.৩৭৫ ( মে.টন) |
| ০৩ | ডোয়াইল | ২১২ | ২৫ কেজি | ৫.৩০০ ( মে.টন) |
| ০৪ | আওনা | ১৭৮ | ২৫ কেজি | ৪.৪৫০ ( মে.টন) |
| ০৫ | পিংনা | ১৭৯ | ২৫ কেজি | ৪.৪৭৫ ( মে.টন) |
| ০৬ | ভাটারা | ৮৬ | ২৫ কেজি | ২.১৫০ ( মে.টন) |
| ০৭ | কামরাবাদ | ১২২ | ২৫ কেজি | ৩.০৫০ ( মে.টন) |
| ০৮ | মহাদান | ১১০ | ২৫ কেজি | ২.৭৫০ ( মে.টন) |
| | সর্বমোট= | ১৪৬০ | | ৩৬.৫০০ ( মে.টন) |

অত্র উপজেলায় মা ইলিশ মাছ আহরণ বন্ধে নদীতে অভিযান/ ভ্রাম্যমান আদালত পরিচালনা করা এবং ইলিশ মাছ পরিবহন, মজুদ,বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় বন্ধে অভিযান/ মোবাইল কোর্ট করা প্রয়োজন । অত:পর সদস্য সচিব সভায় মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৩ সফল বাস্তবায়নে কর্মপরিকল্পনা উপস্থাপন করেন এবং এ অভিযান সফলভাবে বাস্তবায়নে উপজেলা প্রশাসন এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। উপস্থিত উপজেলা টাস্কফোর্স কমিটির অন্যান্য সদস্যগন আলোচনায় অংশগ্রহণ করেন এবং এ অভিযান সফল করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। অত:পর এ বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে সর্বসম্মতিক্রমে নিম্নের সিদ্ধান্তগুলো গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্র: নং | সভায় গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|
| ০১ | মা ইলিশ সংরক্ষণে জনসাধারণকে সচেতন করার লক্ষে বিভিন্ন হাট-বাজারে এবং জেলে পল্লীতে ব্যাপকভাবে উদ্বুদ্ধকরণ ও প্রচারণামূলক কার্যক্রম (মতবিনিময় সভা, মাইকিং, লিফলেট বিতরণ, ব্যানার-ফেস্টুন মাধ্যমে প্রচারণা ইত্যাদি) গ্রহণ করতে হবে। | উপজেলা প্রশাসন ও সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর,সরিষাবাড়ী, জামালপুর। |
| ০২ | মা ইলিশ মাছ আহরণ ,পরিবহন,মজুদ, ক্রয়-বিক্রয় ও বিনিময় বন্ধে প্রতিদিন নিয়মিত অভিযান এবং ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে। | উপজেলা প্রশাসন, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর,সরিষাবাড়ী, জামালপুর। |
| ০৩ | কারেন্ট জাল, চায়না দুয়ারী জাল অন্যান্য অবৈধ জাল বিক্রি ও ব্যবহার বন্ধে আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য অভিযান এবং ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে। | উপজেলা প্রশাসন ও সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর,সরিষাবাড়ী, জামালপুর। |
| ০৪ | অত্র সরিষাবাড়ী উপজেলায় সিনিয়র উপজেলা মৎস্য দপ্তরে ০১ টি কন্ট্রোল রুম খুলতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, সরিষাবাড়ী, |

| | | |
|---|---|---|
| | | জামালপুর। |
| ০৫ | মা ইলিশ আহরণ নিষিদ্ধকালীন সময়ে সরিষাবাড়ী উপজেলায় ১৪৬০ জন জেলে পরিবার উল্লেখিত পৌরসভাসহ ০৮ (আট) টি ইউনিয়নে জেলেদের বন্টনকৃত তালিকা মোতাবেক ( প্রতি ২৫ (পঁচিশ) কেজি হারে মানবিক খাদ্য সহায়তা কর্মসূচির আওতায় মোট ৩৬.৫০০ (মে.টন ) বরাদ্দকৃত খাদ্য সহায়তা (ভিজিএফ চাল) সুষ্ঠুভাবে ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্য গুদাম হতে উত্তোলন ও বিতরণ জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রশাসন, চেয়ারম্যান (সকল ইউনিয়ন পরিষদ) ও সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, সরিষাবাড়ী, জামালপুর। |

সভাপতি মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৩ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মত প্রকাশ করেন এবং ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত উপজেলা টাস্কফোর্স কমিটির সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন । সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:

( শারমিন আক্তার )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত উপজেলা টাস্কফোর্স কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।

স্মারক নং: ৩৩.০২.৩৯৮৫.৫০১.৪০.০০৪.২১.১১৩/১(২০) তারিখ: ০৫/১০/২০২৩ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। জেলা মৎস্য কর্মকর্তা, জামালপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত উপজেলা টাস্কফোর্স কমিটি, সরিষাবাড়ী, জামালপুর।
৩। উপজেলা ................................ কর্মকর্তা, সরিষাবাড়ী, জামালপুর।
৪। চেয়ারম্যান, ................ ............ ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
৫। জনাব ........................................................(বাজার কমিটি/ মৎস্যজীবি প্রতিনিধি), সরিষাবাড়ী,জামালপুর।
৬। অফিস নথি।

স্বা:
(মো: কামরুজ্জামান খাঁন)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অ:দা:)
সরিষাবাড়ী, জামালপুর।
ও
সদস্য সচিব
ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত উপজেলা টাস্কফোর্স কমিটি
সরিষাবাড়ী, জামালপুর।